# নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও বিশ্ব ব্যাংকের অর্থায়নে Economic Acceleration for Resilient (EARN) প্রকল্পটি সারা দেশব্যাপী শিক্ষা, কর্মসংস্থান বা প্রশিক্ষণে সংযুক্ত নয় (NEET) অর্থাৎ বেকার যুব-যুবতীদের অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করার একটি বৃহৎ উদ্যোগ। প্রকল্পটির মূল উদ্দেশ্য হলো 'দেশের পিছিয়ে পড়া যুবসমাজকে বাজারের চাহিদানুযায়ী প্রশিক্ষণ, বিকল্প শিক্ষা এবং কর্মসংস্থান ও উদ্যোক্তা সহায়তার মাধ্যমে মূলধারার অর্থনীতিতে যুক্ত করা'। প্রায় ২.৫ বছর মেয়াদি (২৭ মাস) প্রকল্পটির মাধ্যমে দেশের ৬৪ জেলার ২৫০টি উপজেলার প্রায় ৯ লক্ষ NEET যুব ও যুবনারী সরাসরি উপকৃত হবেন। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অধীনে 'যুব উন্নয়ন অধিদপ্তর (DYD)' এর তত্ত্বাবধানে EARN প্রকল্পের ঢাকা বিভাগের বাস্তবায়নকারী লিড সংস্থা 'ব্র্যাক' এর নারায়ণগঞ্জ (আড়াইহাজার-১৬, সোনারগাঁও-১৬, নারায়ণগঞ্জ সদর-১৫, রূপগঞ্জ-১৫) ও মুন্সীগঞ্জ (মুন্সিগঞ্জ সদর-১৬, সিরাজদিখান-১৬, শ্রীনগর-১৬) জেলার ৭টি উপজেলার (১১০টি VLTC এর মাধ্যমে ১৫,৪০০ উপকারভোগী) সহযোগী সংস্থা হিসেবে 'বাস্তব' - ইনিসিয়েটিভ ফর পিপল'স সেলফ-ডেভেলপমেন্ট প্রকল্পটি বাস্তবায়ন করবে। 'বাস্তব' - ইনিসিয়েটিভ ফর পিপল'স সেলফ-ডেভেলপমেন্টর এর 'Economic Acceleration for Resilient (EARN)' প্রকল্পের পাঁচটি গুরুত্বপূর্ণ পদে একাধিক জনবল নিয়োগ দেয়া হবে। আগ্রহী প্রার্থীরা আগামী ৩০ শে আগস্ট ২০২৬ পর্যন্ত আবেদন করতে পারবেন। এসব পদে নিয়োগপ্রাপ্তরা মূলত যুব উন্নয়ন, কারিগরি প্রশিক্ষণ, কর্মসংস্থান সৃষ্টি, উদ্যোক্তা উন্নয়ন ও কমিউনিটি পর্যায়ের দক্ষতা উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নে কাজ করবেন। পদগুলো হলো: উপজেলা ম্যানেজার, কমিউনিটি মবিলাইজার, উপজেলা এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট অফিসার, উপজেলা জব প্লেসমেন্ট অফিসার, সেন্টার-ইন-চার্জ।

***উল্লেখিত উপজেলাতে দক্ষতা উন্নয়ন কাজের অভিজ্ঞতা সম্পন্ন ও উপজেলাতে অবস্থান করে মাঠ পর্যায়ে কাজ করার মানসিকতা সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে।***

**পদের নাম: উপজেলা ম্যানেজার (BASTOB EARN Project) (২৭ মাস)**
এই পদটি পুরো উপজেলা পর্যায়ের প্রকল্প পরিচালনার জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ নেতৃত্বমূলক পদ হিসেবে বিবেচিত হচ্ছে। নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাকে উপজেলা প্রশাসন, যুব উন্নয়ন অধিদপ্তর এবং স্থানীয় অংশীজনদের সঙ্গে সমন্বয় করে প্রকল্প বাস্তবায়ন করতে হবে। উপজেলা ম্যানেজার পদের দায়িত্ব পদের প্রধান দায়িত্বগুলো হলো:

- উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (UYDO) ও উপজেলা নির্বাহী কর্মকর্তার (UNO) সঙ্গে সমন্বয় রক্ষা করা
- স্থানীয় পর্যায়ে ব্র্যাক ও যৌথ অংশীদারদের কার্যক্রম সমন্বয় করা
- উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমিটির ফোকাল পারসন হিসেবে কাজ করা
- স্থানীয় এনজিও, কমিউনিটি লিডার ও ডোনার প্রতিনিধিদের সঙ্গে সম্পর্ক বজায় রাখা
- NEET যুবকদের নির্বাচন, প্রশিক্ষণে অন্তর্ভুক্তি ও কোর্স সম্পন্ন নিশ্চিত করা
- প্রশিক্ষণ কেন্দ্রগুলোর কার্যক্রম তদারকি করা
- স্বচ্ছ আর্থিক ব্যবস্থাপনা ও Value for Money নীতি নিশ্চিত করা
- কর্মশালা, সভা ও প্রশিক্ষণ আয়োজন এবং ডকুমেন্টেশন সংরক্ষণ করা
- সঠিক MIS ডাটা এন্ট্রি ও অডিট সংক্রান্ত রেকর্ড সংরক্ষণ করা
- প্রশিক্ষক ও কমিউনিটি মোবিলাইজারদের মনিটরিং করা
- চাকরি ও আত্মকর্মসংস্থানের জন্য শিল্পপ্রতিষ্ঠান ও আর্থিক প্রতিষ্ঠানের সঙ্গে সংযোগ তৈরি করা
- মাসিক ও ত্রৈমাসিক অগ্রগতি রিপোর্ট প্রস্তুত করা

এই পদের জন্য সমাজবিজ্ঞান, সমাজকর্ম, নৃবিজ্ঞান বা ডেভেলপমেন্ট স্টাডিজে স্নাতক ডিগ্রি থাকতে হবে। পাশাপাশি যুব উন্নয়ন বা TVET সেক্টরে অন্তত পাঁচ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বেতন: আলোচনা সাপেক্ষে / প্রকল্প বাজেট অনুযায়ী।

**পদের নাম: উপজেলা এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট অফিসার (BASTOB EARN Project) (২৭ মাস)**
যেসব তরুণ প্রশিক্ষণ নিয়ে নিজস্ব ব্যবসা গড়ে তুলতে চান, তাদের সহায়তায় কাজ করবেন উপজেলা এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট অফিসার। এই পদে মূল গুরুত্ব দেওয়া হয়েছে উদ্যোক্তা উন্নয়ন ও ব্যবসায়িক সহায়তার ওপর। দায়িত্বগুলোর মধ্যে রয়েছে:

- **SEB ও Entrepreneurship Development Training** কার্যক্রম বাস্তবায়ন করা
- প্রশিক্ষণার্থী, মেন্টর ও প্রশিক্ষণ কক্ষ নির্বাচন তদারকি করা
- যোগ্য প্রশিক্ষণার্থীদের ইন্টার্নশিপ ও সিড ফাইন্যান্সিংয়ের সুযোগ তৈরি করা
- উদ্যোক্তা সম্মেলন, কর্মশালা ও উপজেলা পর্যায়ের সভা আয়োজন করা
- নতুন উদ্যোক্তাদের ব্যবসা পরিচালনা ও সম্প্রসারণে সহায়তা করা
- ব্যাংক ও ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের সঙ্গে আর্থিক সংযোগ স্থাপন করা
- মেন্টর ও নতুন উদ্যোক্তাদের মধ্যে কার্যকর যোগাযোগ নিশ্চিত করা
- নিয়মিত মনিটরিং ও অগ্রগতি প্রতিবেদন তৈরি করা
- সমস্যা চিহ্নিত করে সমাধান প্রদান এবং বিল-ভাউচার যাচাই করা

এই পদের জন্য বিজনেস ম্যানেজমেন্ট, ডেভেলপমেন্ট স্টাডিজ বা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ডিগ্রি এবং উদ্যোক্তা উন্নয়ন খাতে কমপক্ষে পাঁচ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বেতন: আলোচনা সাপেক্ষে / প্রকল্প বাজেট অনুযায়ী।

**পদের নাম: উপজেলা জব প্লেসমেন্ট অফিসার (BASTOB EARN Project) (২৭ মাস)**
প্রশিক্ষণপ্রাপ্ত তরুণদের চাকরি নিশ্চিত করতে এই পদে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তারা বিভিন্ন শিল্পপ্রতিষ্ঠান ও নিয়োগদাতাদের সঙ্গে কাজ করবেন। প্রধান দায়িত্বগুলো হলো:

- প্রশিক্ষণার্থী নির্বাচন ও দক্ষতা যাচাইয়ে সহায়তা করা
- স্থানীয় চাকরির বাজার বিশ্লেষণ ও চাহিদাসম্পন্ন ট্রেড চিহ্নিত করা
- নারীদের জন্য উপযোগী অপ্রচলিত ট্রেড খুঁজে বের করা
- নিয়োগদাতাদের নিয়মিত জরিপ পরিচালনা করা

- চাকরিদাতা প্রতিষ্ঠানের ডাটাবেজ তৈরি ও হালনাগাদ রাখা
- বিভিন্ন প্রতিষ্ঠানের সঙ্গে সম্পর্ক গড়ে তোলা
- ইন্টার্নশিপের জন্য সমঝোতা স্মারক (MoU) সম্পাদনে সহায়তা করা
- প্রশিক্ষণার্থীদের দক্ষতার সঙ্গে চাকরির মিল ঘটানো
- চাকরি মেলা, এক্সপো ও উদ্যোক্তা মেলা আয়োজন করা
- চাকরিতে যোগদানের পর সন্তুষ্টি জরিপ পরিচালনা করা
- উদ্যোক্তা ও ইন্টার্নদের জন্য স্থানীয় মেন্টর তৈরি করা
- যুব উন্নয়ন অধিদপ্তরের সিড ফাইন্যান্সিংয়ের জন্য সম্ভাব্য তরুণদের প্রোফাইল প্রস্তুত করা

এই পদের জন্য বিবিএ বা ডেভেলপমেন্ট স্টাডিজে স্নাতক ডিগ্রি এবং যুব কর্মসংস্থান বা চাকরি সংস্থান বিষয়ে অন্তত পাঁচ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বেতন: আলোচনা সাপেক্ষে / প্রকল্প বাজেট অনুযায়ী।

**পদের নাম: সেন্টার-ইন-চার্জ (BASTOB EARN Project) (২৪ মাস)**

**Village Level Training Center (VLTC)** পরিচালনার জন্যসেন্টার-ইন-চার্জ পদে জনবল নেওয়া হবে। প্রশিক্ষণ কেন্দ্রের সার্বিক প্রশাসনিক ও পরিচালনাগত দায়িত্ব এই কর্মকর্তার ওপর থাকবে। এই পদের দায়িত্বগুলোর মধ্যে রয়েছে:

- প্রশিক্ষণ কেন্দ্রের সার্বিক প্রশাসনিক কার্যক্রম পরিচালনা করা
- নিরাপদ ও কার্যকর প্রশিক্ষণ পরিবেশ নিশ্চিত করা
- DYD ও বিশ্বব্যাংকের সেফগার্ডিং নীতিমালা বাস্তবায়ন করা
- প্রশিক্ষণার্থী ও প্রশিক্ষকদের উপস্থিতি পর্যবেক্ষণ করা
- প্রশিক্ষণ উপকরণ ও রিসোর্স ব্যবস্থাপনা করা
- অনুমোদিত কারিকুলাম অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা নিশ্চিত করা
- প্রশিক্ষকদের পারফরম্যান্স মূল্যায়ন করা
- প্রশিক্ষণার্থীদের অগ্রগতি মূল্যায়ন ও সার্টিফিকেশন প্রস্তুতি তদারকি করা
- ঝরে পড়া কমাতে কাউন্সেলিং ও সহায়তা দেওয়া
- স্থানীয় জনগণ ও অভিভাবকদের সঙ্গে সম্পর্ক বজায় রাখা
- চাকরি সংস্থান ও ক্যারিয়ার গাইডেন্সে সহায়তা করা
- নিয়মিত অপারেশনাল রিপোর্ট তৈরি করা
- কেন্দ্রের সম্পদ ও ইনভেন্টরি ব্যবস্থাপনা করা
- আর্থিক ডকুমেন্টেশন ও MIS ডাটা সংরক্ষণ নিশ্চিত করা

এই পদের জন্য স্বনামধন্য বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ডিগ্রি এবং উন্নয়ন খাতে প্রশিক্ষণ কেন্দ্র বা অফিস পরিচালনায় অন্তত তিন বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বেতন: আলোচনা সাপেক্ষে / প্রকল্প বাজেট অনুযায়ী।

**পদের নাম: কমিউনিটি মবিলাইজার (BASTOB EARN Project) (১৮ মাস)**

কমিউনিটি পর্যায়ে প্রকল্পের মূল চালিকাশক্তি হিসেবে কাজ করবেন কমিউনিটি মবিলাইজার। এই পদে নিয়োগপ্রাপ্তদের সরাসরি মাঠে কাজ করতে হবে এবং প্রশিক্ষণের জন্য উপযুক্ত তরুণদের খুঁজে বের করতে হবে। সার্কুলার অনুযায়ী এই পদের প্রধান দায়িত্বগুলো হলো:

- বাড়ি বাড়ি জরিপ ও কমিউনিটি ম্যাপিং পরিচালনা করা
- ১৫ থেকে ৩৫ বছর বয়সী NEET যুবকদের শনাক্ত করা
- প্রশিক্ষণ বিষয়ে সচেতনতামূলক সভা ও প্রচারণা চালানো
- অন্তত ৫০ শতাংশ নারী অংশগ্রহণ নিশ্চিত করা
- সম্ভাব্য প্রশিক্ষণার্থীদের ডাটাবেজ তৈরি ও হালনাগাদ রাখা
- প্রশিক্ষণার্থীদের ভর্তি ও প্রয়োজনীয় ডকুমেন্ট প্রস্তুতে সহায়তা করা
- অনিয়মিত প্রশিক্ষণার্থীদের কাউন্সেলিং ও ফলোআপ করা
- স্থানীয় নেতা, ধর্মীয় ব্যক্তিত্ব ও যুব সংগঠনের সঙ্গে সম্পর্ক গড়ে তোলা
- প্রশিক্ষণ উপকরণ ও ভাতা বিতরণে স্বচ্ছতা নিশ্চিত করা
- নিয়মিত মাঠ প্রতিবেদন ও কমিউনিটি ফিডব্যাক জমা দেওয়া
- MIS ডাটা এন্ট্রির জন্য সঠিক তথ্য সংরক্ষণ করা

এই পদের জন্য যেকোনো বিষয়ে স্নাতক ডিগ্রি এবং সামাজিক উদ্বুদ্ধকরণ বা উন্নয়ন প্রকল্পে অন্তত তিন বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বেতন: আলোচনা সাপেক্ষে / প্রকল্প বাজেট অনুযায়ী।

আগ্রহী প্রার্থীরা আগামী ৩০ শে আগস্ট ২০২৬ বিকাল ৪.০০ টার ভিতর ই-মেইলে (bastobipsd@gmail.com) আবেদনপত্র সহ পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত বা সিভি, সকল একাডেমিক সার্টিফিকেটের কপি, জাতীয় পরিচয়পত্র বা জন্ম সনদের কপি, ও পূর্বের কর্মস্থলের কোনো সনদ বা ছাড়পত্রের কপি পাঠাতে হবে। প্রিন্টেড আবেদনপত্রসহ ডকুমেন্টস ও খামের উপরে উপরে পদবীর নাম লিখে পাঠাতে: **বাস্তব ইনিসিয়েটিভ ফর পিপল'স সেলফ-ডেভেলপমেন্ট, বাড়ি: ৫৪৯, রোড: ১০, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, ঢাকা ১২০৭।**

**নারী প্রার্থী, এবং মুন্সীগঞ্জ ও নারায়ণগঞ্জ জেলার প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে।**